

# আর্মি ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (এআইবিএ) সাভার

## অফিস আদেশ


অঃ আঃ নং প্রশাসন/১০/০৯/৪৯৮

তারিখঃ ০৭/১০/২০২৪

### ছুটি

১। প্রবারণা পূর্ণিমা বৌদ্ধ ধর্মের একটি পবিত্র দিবস বলে গণ্য এবং ঐচ্ছিক ছুটি বিধায় আগামী ১৬ অক্টোবর ২০২৪ (বুধবার) তারিখ আর্মি ইনস্টিটিউট অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (এআইবিএ) সাভার বন্ধ থাকবে।

২। **প্রবারণা পূর্ণিমার সংক্ষিপ্ত পটভূমি।** প্রবারণা শব্দের পালি আভিধানিক অর্থ নিমন্ত্রণ, আহ্বান, অনুরোধ, নিষেধ, ত্যাগ, সমাপ্তি এবং বৌদ্ধ ভিক্ষুদের বর্ষাবাস পরিসমাপ্তি বুঝায়। বর্ষাবাস সমাপনান্তে ভিক্ষুগণ তাদের দোষত্রুটি অপর ভিক্ষুগণের নিকট প্রকাশ করে তার প্রায়শ্চিত্ত বিধানের জন্য ক্ষমা প্রার্থনা করেন। বৌদ্ধ ধর্মের প্রতিষ্ঠাতা রাজকুমার সিদ্ধার্থ গৌতম বুদ্ধ এক পূর্ণিমা তিথিতে লুম্বিনি কাননে (নেপাল) খ্রীষ্ট পূর্ব ৫৬৩ অব্দে জন্ম গ্রহণ করেন। তিনি সকল জাগতিক দুঃখমুক্তি লাভের আশায় রাজ্য, রাজত্ব, ভোগ-বিলাস সব ত্যাগ করে সংসার পরিত্যাগ করেছিলেন আষাঢ়ী পূর্ণিমা তিথিতে এবং সন্ন্যাস-ব্রত গ্রহণ করেন। তিনি মানব জাতির সুখ, শান্তি, কল্যাণ এবং স্বধর্ম প্রচারের জন্য তার ভিক্ষু সংঘের প্রশিক্ষিত শিষ্যদের বিভিন্ন স্থানে প্রেরণ করেন এবং তাদের বলেন, “তোমরা বহুজনের হিতের জন্য, বহুজনের সুখের জন্য চারিদিক ছড়িয়ে পড়ো।” এদিন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান সরকারিভাবে বন্ধ রাখার পাশাপাশি অফিস-আদালতে ঐচ্ছিকভাবে ছুটির দিন হিসাবে গণ্য করা হয়।



মোঃ জসিম উদ্দিন

মেজর (অবঃ)

উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)

পক্ষে মহাপরিচালক

বিতরণঃ

ওয়েবসাইট

নোটিশ বোর্ড

হোয়াটসএ্যাপ গ্রুপ